শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : খ্রীষ্টধর্ম শিক্ষা | ষষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ৬ষ্ঠ শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : খ্রীষ্টধর্ম শিক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২৩

খ্রীষ্টধর্ম শিক্ষার বর্তমান শিক্ষাক্রমে বছরে দুইটি সামষ্টিক মূল্যায়ন রাখা হয়েছে। একটি ষাণ্মাসিক এবং অন্যটি বার্ষিক। বছরজুড়ে চলমান ৯০টি সেশনের মধ্যে এই বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ঠিকভাবে পরিচালনার জন্য আপনাকে কিছু চিন্তাভাবনা শুরুতেই করে রাখতে হবে। এরমধ্যে প্রধান ভাবনাটি হলো কখন এবং কীভাবে সামষ্টিক মূল্যায়ন সম্পাদন করবেন। উল্লেখ্য যে শিক্ষার্থীদেরকে এ মূল্যায়নের কয়েকটি কার্যক্রম শ্রেণিকক্ষের বাইরে সম্পন্ন করতে হবে। তাই এ ক্ষেত্রে আপনার শিক্ষার্থীর সংখ্যা বিবেচনা করে সামষ্টিক মূল্যায়নের নির্ধারিত দিনসমূহের পূর্ব থেকে শুরু করে এ কার্যক্রম কিছুটা এগিয়ে রাখতে পারেন।

## ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য জুন মাসের যেকোনো ২/৩ (দুই/তিন)টি সেশন বরাদ্দ রাখুন। শিক্ষার্থী সংখ্যা সাপেক্ষে নিচে দেয়া মূল্যায়ন প্রণালি বাস্তবায়নে সেশন সংখ্যা বাড়াতে বা কমাতে পারেন। ২/৩ (দুই/তিন)টি সেশনে যে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন করা হবে তার কর্মপ্রবাহ নিচে বর্ণনা করা হলো।

### নির্দেশনা

শিক্ষার্থীদের আনুষ্ঠানিক মূল্যায়নের এক সপ্তাহ পূর্বে জানিয়ে দিন যে তাদের এ পর্বের (ষাণ্মাসিক) সামষ্টিক মূল্যায়নে অন্যান্য কাজের সাথে অঞ্জলি ১-পবিত্র ত্রিত্ব পাঠসমুহের আলোকে **স্ক্র্যাপ বুক তৈরি করবে**। তারপর নির্ধারিত দিনে শ্রেণিকক্ষে নিম্নোক্ত কাজের মধ্য দিয়ে তাদের পারদর্শিতা যাচাই করুন।

| একক যোগ্যতা | অভিজ্ঞতা | পারদর্শিতার নির্দেশক | কাজ | সময় |
|---|---|---|---|---|
| ৬.১ খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ জেনে, উপলব্ধি করে ধর্মীয় জ্ঞান আহরণে আগ্রহী হতে পারা। (খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ-ত্রিব্যক্তি ঈশ্বর পিতা ঈশ্বরঃ সৃষ্টিকর্তা, পুত্র ঈশ্বরঃ পরিত্রাতা, পবিত্র আত্মা ঈশ্বরঃ নবায়নকর্তা)। | **পিতা ঈশ্বর- সৃষ্টিকর্তা**<br>**পুত্র ঈশ্বর- পরিত্রাতা**<br>**পবিত্র আত্মা ঈশ্বর- নবায়নকর্তা।** | **খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়ের ধারণা** | **একক কাজ**<br>শিক্ষার্থীকে যীশুর জন্মবারতা সম্পর্কিত একটি গান (খ্রীষ্টসংগীত, গীতাবলি, ধর্মগীত থেকে) শিখে যথাযথ আবেগ-অনুভূতি ও শ্রদ্ধার সাথে গানটি পরিবেশন করবে। শেখার জন্য ইউটিউব ও মাতা-পিতার বা অভিভাবকের কাছ থেকে সাহায্য নিতে পারে।<br>- যদি কোনো শিক্ষার্থীর গান গেয়ে শোনানোর ক্ষেত্রে কোনো চ্যালেঞ্জ থাকে তাহলে ভিন্নভাবে কাজটি করা যেতে পারে যেমন- আবৃত্তি, একক অভিনয়, বাদ্যযন্ত্র বাজিয়ে বা নেচে দেখাতে পারে। | **প্রত্যেক শিক্ষার্থী ৩ মিনিট সময় পাবে।**<br><br>**১টি সেশনে কার্যক্রমটি সম্পন্ন করতে হবে।** |
| | | **পারদর্শিতার নির্দেশক** | **কাজ** | **সময়** |
| | | **খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা উপলব্ধি ও এগুলোর উপর ভিত্তি করে স্ক্র্যাপ বুক তৈরির মাধ্যমে নিজের আগ্রহ প্রকাশ করছে।** | **একক কাজ**<br>**স্ক্র্যাপ বুক তৈরি**<br>**১। পিতা ঈশ্বর, পুত্র ঈশ্বর এবং পবিত্র আত্মা ঈশ্বর সম্পর্কিত ধারণার চিত্রসহ তথ্য দিয়ে স্ক্র্যাপ বুক তৈরি করবে।**<br>**পিতা ঈশ্বর- সৃষ্টিকর্তা**<br>**পুত্র ঈশ্বর- পরিত্রাতা**<br>**পবিত্র আত্মা ঈশ্বর- নবায়নকর্তা**<br><br>উপর্যুক্ত কাজটি শিক্ষকের কাছে জমা দিতে হবে। | **প্রস্তুতি সেশনে-**<br>**শিক্ষকের নির্দেশনা অনুযায়ী শ্রেণিকক্ষে স্ক্র্যাপ বুকের পরিকল্পনা প্রণয়ন করবে, তথ্য সংগ্রহ করবে এবং ছবি আঁকবে।**<br>**-বাড়িতে ছবি সংগ্রহ করবে।**<br><br>**মূল্যায়ন উৎসবে স্ক্র্যাপ বুক সম্পন্ন করে জমা দিবে।** |

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| একক যোগ্যতা | অভিজ্ঞতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ■ | ○ | △ |
| ৬.১ খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ জেনে, উপলব্ধি করে ধর্মীয় জ্ঞান আহরণে আগ্রহী হতে পারা।<br>(খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ-ত্রিব্যক্তি ঈশ্বর পিতা ঈশ্বরঃ সৃষ্টিকর্তা, পুত্র ঈশ্বরঃ পরিত্রাতা, পবিত্র আত্মা ঈশ্বরঃ নবায়নকর্তা)। | **পিতা ঈশ্বর-সৃষ্টিকর্তা পুত্র ঈশ্বর-পরিত্রাতা পবিত্র আত্মা ঈশ্বর-নবায়নকর্তা।** | ৬.১.১ | শিক্ষার্থী খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি গান গেয়ে প্রকাশ করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের প্রাথমিক ধারণা ও উপলব্ধি নিজ ভাষায় সাধারণভাবে গান গেয়ে বা অন্য কোনো উপায়ে প্রকাশ করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি আবেগ, অনুভূতি, ভক্তিসহকারে গান গেয়ে বা অন্য কোনো উপায়ে নিজ ভাষায় প্রকাশ করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি সুর, তাল, লয়, আবেগ, অনুভূতি,শ্রদ্ধা, ভক্তিসহকারে গান গেয়ে বা অন্য কোনো উপায়ে নিজ ভাষায় প্রকাশ করছে। |
| | | ৬.১.২ | শিক্ষার্থী খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের ওপর ভিত্তি করে নিজের আগ্রহপ্রসূত প্রশ্ন করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয়সমূহের তথ্য বিভিন্ন উৎস থেকে সংগ্রহের চেষ্টা করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয় সংশ্লিষ্ট তথ্য বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করে ব্যাখ্যা জানতে চেয়ে প্রশ্ন করছে। | খ্রীষ্টধর্মীয় মৌলিক বিষয় সংশ্লিষ্ট তথ্য বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করে বিশ্লেষণ জানতে চেয়ে প্রশ্ন করছে। |

## শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ খ্রীষ্টধর্ম শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ত্রিভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট ১

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

## ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

| প্রতিষ্ঠানের নাম : | | তারিখ: |
|---|---|---|
| শ্রেণি : ৬ষ্ঠ | বিষয় : খ্রীষ্টধর্ম শিক্ষা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |

| | | প্রযোজ্য PI/BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য PI/BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

# পরিশিষ্ট ২

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ১ এর ছক ব্যবহার করেই আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |

| | | | |
|---|---|---|---|
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ